কানাইঘাট দলিল লেখক কমিটির অভিষেক ও শপথ অনুষ্ঠিত

কানাইঘাট প্রতিনিধি::

বাংলাদেশ দলিল লেখক সমিতি কানাইঘাট শাখার নব-নির্বাচিত কমিটির অভিষেক ও শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১ ঘটিকার সময় সমিতির অস্হায়ী কার্যালয়ে অভিষেক অনুষ্ঠান ও আলোচনা সভার উদ্বোধন করেন সংগঠনের কেন্দ্রীয় যুগ্ন সাধারণ সম্পাদক ও মহাসচিব বিভাগীয় কমিটি সিলেট মইনুল ইসলাম খান।

দলিল লেখক সমিতি কানাইঘাটের নির্বাচন কমিশনার হাজী মইন উদ্দিন এর সভাপতিত্বে ও বিদায়ী কমিটির সেক্রেটারি এম বুরহান উদ্দিন এর পরিচালনায় অনুষ্টানে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির ধর্ম বিষয়ক সম্পাদক ও সভাপতি দলিল লেখক সমিতি বালাগন্জ শাখা আব্দুন নুর,সাংবাদিক আলা উদ্দিন।

বক্তব্য রাখেন সমিতির সাবেক সভাপতি আফতাব উদ্দিন,সেক্রেটারি এম বুরহান উদ্দিন,নব নির্বাচিত কমিটির সভাপতি বীর মুক্তিযুদ্ধা শরিফ উদ্দিন,সহ সভাপতি শফিকুর রহমান,সেক্রেটারি কামাল উদ্দিন,দপ্তর সম্পাদক আবু শহীদ,সদস্য জুবেল আমিন প্রমুখ।আলোচনা সভার পর নতুন কমিটির দায়িত্বপ্রাপ্তদের কাছে দায়িত্ব বুজিয়ে দেওয়া হয়।

এর আগে গত ৭ ফেব্রুয়ারি ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ভোটে শরিফ উদ্দিন সভাপতি,শফিকুর রহমান সহ সভাপতি, কামাল উদ্দিন সেক্রেটারি আছার উদ্দিন,সহ সেক্রেটারি,নুর আহমদ কোষাধ্যক্ষ, আবু শহিদ দপ্তর সম্পাদক নির্বাচিত হন।